দৈনিক খবর

তারিখ ..15 AUG 1993 ..
পৃষ্ঠা... ৮ ...কলাম ..২.. ...

১৪৭

# ছাত্র বেতন বৃদ্ধির প্রতিবাদে ঘেরাও স্মারকলিপি পেশ

।। স্টাফরিপোর্টার ।।

ছাত্র বেতন বৃদ্ধির সুপারিশের প্রতিবাদে এবং বাড়তি ফি প্রত্যাহারের দাবীতে গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে গণতান্ত্রিক ছাত্রঐক্য ভিসির কার্যালয় ঘেরাও, স্মারকলিপি পেশ ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করে। ছাত্রঐক্যের নেতৃবৃন্দ শিক্ষার বিরুদ্ধে ষড়যন্ত্র প্রতিহত করার আহবান জানান।

এ উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে আসলাম খানের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন ছাত্রনেতা ওবায়দুর রহমান চুন্নু, মোস্তাক আলম টুলু, খায়রুল ইসলাম রূপম ও জুনায়েদ সাকী। নেতৃবৃন্দ বলেন, এ দেশের শিক্ষাব্যবস্থার বিরুদ্ধে এক গভীর ষড়যন্ত্র চলছে। আমাদের এ ষড়যন্ত্র মোকাবেলা করতে হবে। বর্তমান সরকারের সিদ্ধান্তানুযায়ী ছাত্র বেতন বৃদ্ধির সুপারিশ করা হয়েছে এবং ইতিমধ্যেই কিছু কিছু ক্ষেত্রে ফি বৃদ্ধি করা হয়েছে, যা শিক্ষা সংকোচনের আরেকটি রূপ। এ ব্যাপারে সবাইকে সচেতন করতে হবে।

গণতান্ত্রিক ছাত্রঐক্যের মিছিলটি পরে প্রশাসনিক ভবনের দিকে যায় এবং ভিসির কাছে স্মারকলিপি পেশ করে। ভিসি ব্যাপারটি বিবেচনা করে দেখার আশ্বাস দিলে ছাত্রঐক্যের নেতা-কর্মীরা বিক্ষোভ শেষ করে ফিরে আসে